

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং : ১৪৪/২০১৬**

**অভিযোগকারী :** জনাব আবু ইউনুচ মাসুদ আহমদ  
(রানা), পিতা-মৃত. আবু ইছা সাবির  
আহমদ, দৈনিক সরেজমিন বার্টা  
৭৫, সিদ্দেশ্বরী সার্কুলার রোড  
মালিবাগ, ঢাকা।

**প্রতিপক্ষ :** জনাব নুর কামরুন নাহার  
ম্যানেজার (পি.আর)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই),  
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী  
(ডিপিডিসি), আব্দুল গণি রোড, ঢাকা।

**সিদ্ধান্তপত্র**  
(তারিখ : ৩০-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ১০-০৩-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব নুর কামরুন  
নাহার, ম্যানেজার (পি.আর) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী (ডিপিডিসি),  
আব্দুল গণি রোড, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

৩৭/২-এ আজিমপুর রোড (কবরস্থান গেটের বিপরীতে) লালবাগ, ঢাকা (যার মূল দলিল নং-২৬১০-৩২-  
৩০/১৯৬০ আর এস খতিয়ান নং-৬৮৫ দাগ নং-৭০১৪ ও ৭০১৫ এবং এস এ দাগি নং-৩৮৭৭ মৌজা  
হাজারীবাগ, থানা-লালবাগ)। ওই ভবনটিতে জালজালিয়াতি করে ভূঘোড় ডকুমেন্ট/কাগজপত্র দিয়ে সুফিয়া  
সুলতানা কর্তৃক হোল্ডিংসিটিতে নেওয়া অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক বরাবর  
গত ২৮-০১-২০১৬ ইং আবেদন করা হয়। ওই আবেদনের উপর নেওয়া পদক্ষেপসহ তদন্ত রিপোর্টের  
দালিলিক প্রমাণপত্র পেতে চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৮-০৮-২০১৬ তারিখে নীহার রঞ্জন সরকার,  
ডিজিএম (পি.আর) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী (ডিপিডিসি), আব্দুল  
গণি রোড, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০১-  
০৬-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনাতে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৪-  
০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত  
কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী হাজির এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সময় প্রার্থনা করায় পরবর্তী ৩০-০৮-২০১৬  
শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন  
জারী করা হয়। অদ্য ৩০-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
(আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে  
তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন  
প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার  
চাহিত তথ্যাদি প্রদান না করায় সংক্ষুক্ত হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিষয়ে অভিযোগ দায়ের করেন এবং  
প্রার্থিত তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৬। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বজ্রবে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য সংশ্লিষ্ট তদন্ত কার্যক্রম শেষ হয়েছে এবং উক্ত তদন্ত প্রতিবেদন হাতে পেয়েছেন। তথ্য কমিশনের নির্দেশক্রমে অভিযোগকারীকে চাহিত তদন্ত রিপোর্ট সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বজ্রব্য শ্রবণাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাত্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাংগ তথ্য উপর্যুক্ত পর্যালোচনার আলোকে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব নূর কামরুন নাহার, ম্যানেজার (পি.আর) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী (ডিপিডিসি), আবুল গণি রোড, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার